"Working Today To Shine Tomorrow"

BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ২০০/মেলা-সার্কুলার/Germany Fair-2025/৬৪০২
০৪ সেপ্টেম্বর, ২০২৫

(জরুরী)

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আগামী ২৮-৩০ জানুয়ারি, ২০২৬ ইং সময়ে **Dusseldorf** জার্মানীতে -অনুষ্ঠেয় **"Asia Apparel Expo-2026"** শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮-৩০ জানুয়ারি, ২০২৬ ইং সময়ে **Dusseldorf** জার্মানীতে -অনুষ্ঠেয় **"Asia Apparel Expo-2026"** শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। প্রস্তাবিত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী বিকেএমইএ'র সদস্য প্রতিষ্ঠানসমূহ হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

| | |
|---|---|
| মেলার নাম | **"Asia Apparel Expo-2026"** |
| মেলার সময়কাল | January 28-30, 2026 |
| মেলার ভেন্যু | Messe Dusseldorf, Germany. Organizer: COMASIA LIMITED. |
| বুথ টাইপ | Shell Scheme |
| বুথ টাইপ | 3m*3m=9Sqm |
| বুথ ভাড়াঃ | ৬,৯৬,৬২৫.০০ টাকা (ছয় লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত পঁচিশ টাকা) মাত্র। |
| প্রদর্শণী পণ্য | **Apparel, Fabric and Textile, Fashion Accessories.** |

০২। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।

(I) তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃনঃ | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫- নতুন রপ্তানিকারক | "গ" | ৫০% |

(II) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃনঃ | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানি কারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০২ | প্রারম্ভিক ( কোন রপ্তানি আয় নাই) | "খ" | ৫০% |

(III) বিশেষ খাত:

| ক্রঃনঃ | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা (বিশেষ খাত) | | ৬০% |

দ্রষ্টব্য,সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের **Strategic Business Unit** একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।

বর্ণিতবস্থায়, বিকেএমইএ'র সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ রপ্তানি উন্নয়ন ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পূরণপূর্বক আবেদনপত্রে উল্লেখিত ডকুমেন্টস (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ২ জন (দুইজন) প্রতিনিধির পাসপোর্ট কপি, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি, ভিজিটিং কার্ড, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি, বিকেএমই'র সদস্য সার্টিফিকেট এবং ইপিবি'র রেজিস্টেশন সার্টিফিকেট ) সংযুক্ত করে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফ্রি রপ্তানি উন্নয়ন ব্যুরো এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ১৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে বিকেএমইএ নারায়ণগঞ্জস্থ প্রধান কার্যালয়/ঢাকা/ চট্রগ্রাম কার্যালয়ে জমা দেয়ার জন্য সবিনয়ে অনুরোধ জানাচ্ছি। আবেদন পত্রের ছক (**www.epb.gov.bd**) থেকে ডাউনলোড করা যাবে।

দ্রষ্টব্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে বিকেএমইএ'র উপর কোন দায় দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশ গ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরত যোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ইপিবি কর্তৃক ফেরত দেওয়া হবে।

ধন্যবাদান্তে-

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)
বিকেএমইএ

অধিকতর তথ্যের জন্য যোগাযোগঃ
মোঃ আমজাদ হোসেন
সহকারী সচিব, (এইচআর এবং ফেয়ার) বিকেএমইএ
মোবাইলঃ ০১৯৩৭-৮৩০৬০৮
ই-মেইলঃ **fair@bkmea.com**